

কুশল



তোমাদেরকে

ভালবাসেন

ঈশ্বর তোমাদেরকে ভালবাসেন

তোমরা কি জান যে তোমাদেরকে সবথেকে বেশি কে ভালবাসেন? তিনি হলেন সর্বশক্তিমান, ঈশ্বর, আমাদের সৃষ্টিকর্তা (প্রকাশিত বাক্য 1:8; আদিপুস্তক 1:26,27; 2:7)। এই অনন্ত ঈশ্বর তোমাকে ভীষণ ভালবাসেন আর সেইজন্য তিনি তাঁর একমাত্র পুত্র, যীশু খ্রীষ্টকে প্রেরণ করেছেন, ত্রুশ বিদ্ধ হয়ে মৃত্যুবরণ করে নিতে, যাতে তোমার পাপের ক্ষমা হতে পারে (লুক 23:34)।

তোমরা কি জান যে ঈশ্বর কেন তোমাদেরকে এত ভালবাসেন? কারণ তিনি প্রেমময় ঈশ্বর যিনি তাঁর নিজের ভাবমূর্তি তৈরি করেছেন। তোমাদের আত্মার কোন মৃত্যু নেই এবং তা সমগ্র বিশ্বের তুলনায় ঈশ্বরের কাছে আরও মূল্যবান (মথি 16:26)।

ঈশ্বর তোমাদেরকে ভালবাসেন, কিন্তু তিনি পাপকে ঘৃণা করেন এবং অবশ্যই তার বিচার করেন। পাপ ঈশ্বরের হৃদয়কে দুঃখ দেয়; এটি তোমাদেরকে তাঁর কাছে থেকে দূরে সরিয়ে দেয়। বিচারের দিনে, খ্রীষ্ট পাপীদের বলেছিলেন, “আমার কাছ থেকে দূর হও, দিয়াবল এবং তার দূতদের জন্য যে ভয়াবহ অনন্ত আগুন প্রস্তুত করা হয়েছে তার মধ্যে গিয়ে পড়”; “...কিন্তু ধার্মিকেরা প্রবেশ করবে অনন্ত জীবনে” (মথি 25:41,46)।



যেহেতু আদি মানব আদম ঈশ্বরকে অবমাননা করেছিল, পাপ, অভিশাপ, অসুস্থতা এবং মৃত্যু বিশ্বে প্রবেশ করেছিল; আমরা সবাই পাপীতে পরিণত হয়ে গেছি, এবং জাহান্নমে শাস্ত অগ্নি নিন্দিত হয়েছে। তবুও ঈশ্বর মানবজাতিকে ভালবাসেন, যাকে তিনি সৃষ্টি করেছেন, এবং খ্রীষ্টের মৃত্যুর মধ্য দিয়ে তাদেরকে মুক্তি দিয়েছেন এবং সমস্ত আশীর্বাদ পুনরুদ্ধার করেছেন যা আদম তার পাপের এবং অবাধ্যতার জন্য হারিয়েছিল (রোমীয় 5:1-21; ইফিসীয় 1:3- 1 4)।



যীশু তোমাদের নিন্দিত স্থানে মারা গিয়েছিলেন কিন্তু চিরকালের জন্য স্বর্গে ঈশ্বরের সঙ্গে বাস করতে পারবে যদি তোমরা তোমাদের আস্থা তাঁর ওপর রাখতে পার। “কারণ পাপ যে মজুরি দেয় সেই মজুরি হল মৃত্যু, কিন্তু ঈশ্বর অনুগ্রহ করে যা দান করেন সেই দান হল আমাদের প্রভু যীশু খ্রীষ্টতে অনন্ত জীবন” (রোমীয় 6:23)।

তোমরা দেখতে পার ঈশ্বর কিভাবে তোমাদেরকে ভালবাসেন। তিনি শুধুমাত্র তাঁর একজন ফেরেশতাকেই তোমাদের উদ্ধারের জন্য প্রেরণ করেননি, তিনি তাঁর একমাত্র পুত্রকে এই পৃথিবীতে পাঠিয়েছেন তোমাদেরকে মুক্ত করতে কারণ তিনি তোমাদেরকে ভালবাসেন। যীশু বলেছেন, “কারণ ঈশ্বর এই জগতকে এতোই ভালবাসেন যে, তিনি তাঁর একমাত্র পুত্রকে দিলেন, যেন সেই পুত্রের ওপর যে কেউ বিশ্বাস করে

সে বিনষ্ট না হয় বরং অনন্ত জীবন লাভ করে” (যোহন 3:16)।
যাইহোক,ঈশ্বর পবিত্র এবং সঠিক। তিনি তোমাদেরকে গ্রহণ করবেন
কেবলমাত্র যখন তোমরা অনুশোচনা করবে এবং তোমাদের পারের জন্য
খ্রীষ্টের প্রায়শ্চিত্ত গ্রহণ করবে (যোহন 3:3; রোমীয় 3:24-26)। যীশু
বলেছেন,“পাপের পথ থেকে মন ফিরাও, এবং ঈশ্বরের সুসমাচারে বিশ্বাস
কর”(মার্ক 1:15)।



অতএব, অনুশোচনা কর এবং
বিশ্বাস রাখ যে যীশু খ্রীষ্ট একা
তোমাদের পাপের জন্য মারা গেছেন এবং
তাঁকে তোমাদের ব্যক্তিগত পালনকর্তা ও
পরিত্রাতারূপে তোমাদের হৃদয়ের মধ্যে
গ্রহণ কর। ঈশ্বর অবশ্যই যীশুর রক্তে তোমাদের সমস্ত পাপ ধুয়ে দেবেন
এবং তোমাদেরকে নিষ্কলুষ হতে সাহায্য করবেন। পবিত্র আত্মা তোমাদের
জীবনের পরিবর্তন আনবে এবং তোমাদেরকে একটি নতুন হৃদয় দান
করবে যখন তোমরা ঈশ্বরের বাণী শুনতে পাবে এবং তা মান্য করবে।
তিনি তোমাদেরকে পবিত্র করে দেবেন এবং তোমাদেরকে তাঁর প্রেম,
আনন্দ এবং শান্তি, জ্ঞান এবং শক্তি দিয়ে পরিপূর্ণ করবেন এবং তাঁর
রাজত্বে বসবাস করতে তোমাদেরকে পথ দেখাবেন।

প্রিয় বন্ধু, সর্বশক্তিমান ঈশ্বর যিনি তোমাদেরকে ভালবাসেন তাঁর
বাণী মান্য কর। এখনই অনুতপ্ত হও এবং ঈশ্বরের প্রতি ফিরে যাও।
তোমাদের একতাই জীবন, তোমরা আচমকাই মারা যেতে পার; তোমরা


জানতেও পারবে না কিভাবে এবং কখন। কিন্তু ঈশ্বর করুণাময়, তোমাদেরকে শাস্বতের জন্য নিজেদেরকে প্রস্তুত করার সুযোগ দেন। ঈশ্বরের করুণা না পেলে, তোমাদেরকে আগুনের হুদে নিষ্ফেপ করা হবে “যেখানে তোমার আত্মার মৃত্যু হয়না এবং আগুন কখনও নেভে না” (মার্ক 9:47.48)। মৃত্যুর পরে কোন ক্ষমা হয় না, কিন্তু ঈশ্বরের বিচার হয় (ইব্রীয় 9:27)। যীশু খ্রীষ্ট হলেন পুনরুত্থান এবং জীবন। তিনি মৃতদের মধ্য থেকে তোমাদের উত্থান করবেন এবং তোমাদের কৃতকর্ম অনুযায়ী বিচার করবেন (যোহন 11:25; যোহন 5:24-29)। চিন্তা করুন এবং এখনই কাজ কর। মৃত্যুর সয়ে, তোমাদেরকে ঈশ্বর, তাঁর বিচার এবং শাস্বতের মুখোমুখি হতে হবে!



স্বীকার করে নাও যে তুমি একজন পাপী। তোমার একজন মুক্তিদাতা, প্রভু যীশু খ্রীষ্টের প্রয়োজন, যিনি তোমাকে তোমার পাপ থেকে উদ্ধার করতে পারবেন ঈশ্বরের ক্রোধ থেকে অব্যাহতি দিতে এবং বিচার আসতে। ঈশ্বরের কাছে প্রার্থনা কর তোমার পাপের থেকে মুক্তি দিতে আপনার হৃদয়ের আন্তরিকতার সাথে তাঁর এই প্রার্থনা তাঁর সামনে করে।

প্রার্থনা

“হে প্রভু, আমাকে, একজন পাপীকে, ক্ষমা করে দিন, যে যীশুর মৃত্যুর দাবি করে। আমি আমার পাপের জন্য খুবই দুঃখিত এবং আপনার প্রতি নিবেদিত হতে চাই। আমি স্বীকার করি এবং বিশ্বাস করি যে যীশু খ্রীষ্ট আপনার একমাত্র পুত্র, যিনি যন্ত্রণা ভোগ করেছেন এবং ক্রুশে মৃত্যুবরণ করেছেন, সমাহিত করা হয়েছে এবং পুনরায় আমাকে উদ্ধার করতে উঠে এসেছেন। যীশুর রক্ত দিয়ে আমাকে শূচি করুন এবং আমাকে আপনার সন্তান বানান। আমি আমার ব্যক্তিগত জীবনের পরিত্রাতা এবং পালনকর্তা হিসেবে আমার হৃদয়ের মধ্যে আসতে যীশুকে আমন্ত্রণ জানাচ্ছি। আমাকে এখন থেকে আপনার জন্যই বেঁচে থাকতে সাহায্য করুন। ধন্যবাদ পিতা, যীশুর নামে আমার আত্মা সংরক্ষণ করার জন্য!” আমেন।”



জীবন্ত ঈশ্বরের সন্তান হওয়ার কি সুবিধা! সর্বদা আপনাকে রক্ষা করার জন্য ঈশ্বরকে ধন্যবাদ জানান।

